মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট
জ্ঞান তাপস ডঃ মুহম্মদ শহীদুল্লাহ সড়ক, ঢাকা।

স্মারক নং-শেহাজাবাপ্লাসাইন/৩য় শ্রেনী জন নিয়োগ/২০২১/ ৯২৮৭ তারিখঃ ০৫/০৮/২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট, ঢাকায় রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নবর্ণিত মোট ৪৪ (চুয়াল্লিশ) টি শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্মোক্ত শর্তাবলী সাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৪ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেনি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ২. | সহকারী লাইব্রেরিয়ান<br>১০২০০-২৪৬৮০/-<br>( গ্রেড-১৪) | ০১ টি | (ক) (অ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(আ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(ই) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থগার বিজ্ঞান বা গ্রন্থগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষতা; |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ১৮ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৪. | স্টোর কিপার<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৩ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৫. | ওয়ার্ড মাস্টার<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৯ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; |
| ৬. | লিনেন কিপার<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০২ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; |
| ৭. | টেলিফোন অপারেটর<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৩ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; |
| ৮. | ইনস্ট্রুমেন্ট কেয়ারটেকার<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৪ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। |

## আবেদন করার নিয়মাবলী ঃ

১। নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. ০১/০৮/২০২১ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

গ. বিভাগীয় চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে অনলাইনে আবেদনপত্র পূরণের সময় বিভাগীয় প্রার্থীদের জন্য নির্ধারিত সংশ্লিষ্ট ঘর (Departmental Candidate)-এ টিক চিহ্ন দিতে হবে। বিভাগীয় প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদের মূল কপি জমা দিতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্বখাতে সৃষ্ট পদে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত প্রার্থীরা বিভাগীয় প্রার্থী হিসাবে বিবেচিত হবে।

ঘ. "সমাপ্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ক্ষেত্রে বয়স শিথিলকরন বিধিমালা, ২০০৫" অনুযায়ী শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট স্থাপন প্রকল্পে চাকুরীরত প্রার্থীগণ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন পদে বর্ণিত সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন। এরুপ প্রার্থীগণকে অনলাইনে আবেদন ফরম পূরণের সময় তাদের জন্য নির্ধারিত 'SHNIBPS প্রকল্প' বাটনটিতে টিক চিহ্ন দিতে হবে।

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা সংক্রান্ত সহ অন্যান্য বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন ও একসেট সত্যায়িত ফটোকপি কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে :

i. সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্ব সনদ, সকল প্রকার প্রশিক্ষণের সনদ ও প্রকল্পে নিযুক্ত কর্মচারীদের ক্ষেত্রে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত সনদ এবং পূরণকৃত আবেদন ফরম।

ii. বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরমেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র।

iii. এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

২। আবেদনপূরণ সংক্রান্ত শর্তাবলী ঃ

ক. পরীক্ষায় অংশগ্রহনে ইচ্ছুক প্রার্থীগণ http://shnibps.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষায় ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১০/০৮/২০২১ তারিখ সকাল ১০:০০ টা;

খ. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০৮/২০২১ তারিখ বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্তগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিবেন।

গ. Online আবেদনপত্রে প্রার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ ৬০ kb হতে হবে।

ঘ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যেও সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথ পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভূলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীগণ একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Application's Copy পাবেন। উক্ত Application's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Application's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিমোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে এসএমএস করে ১ থেকে ৮ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বার) টাকা অনাধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online আবেদনপত্রের সকল অংশ পূরন করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা দেয়া না পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS ঃ SHNIBPS <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : SHNIBPS ABCDEF

Reply: Applicant's name, Tk. 112/56 will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type SHNIBPS <space> Yes<space> PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS ঃ SHNIBPS <space>YES<space> P IN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SHNIBPS YES xxxxxxxxx

Reply : Congratulations Applicant's name, payment completed successfully for post name of SHNIBPS XXXXXXXXX User ID is (ABCDEF) and password (xxxxxxxxx)

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://shnibps.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

জ. SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID, Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে SHNIBPS <space> Help<space> User <space> User ID and Send to 16222.

Example: SHNIBPS HELP USER ABCDEF

(ii) Pin Number জানা থাকলে SHNIBPS <space>Help<space> PIN<space> Pin No and Send to 16222.

Example: SHNIBPS Help Pin 12345678

ঞ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা যে কোনো টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১ নাম্বারে।

৩। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৪। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৫। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারন দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনরুপ টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

অধ্যাপক ডাঃ মোঃ আবুল কালাম
পরিচালক ও অধ্যাপক
বার্ন ও প্লাস্টিক সার্জারি
শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট
এবং
সভাপতি, বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটি।